রোটারি ক্লাব অব সিলেট গ্রিণ সিটির প্রেসিডেন্ট বুলবুল, সেক্রেটারি দেলোয়ার

চেম্বার ডেস্ক:: আর্তমানবতার সেবায় কাজ করা বিশ্বের বৃহত্তম সংগঠন রোটারি ইন্টারন্যাশনাল’র ভ্রাতৃপ্রতীম সংগঠন রোটারি ক্লাব অব সিলেট গ্রিণ সিটির ২০২১-২২ সনের কমিটি অনুমোদন করা হয়েছে।

নতুন এই কমিটির প্রেসিডেন্ট মনোনীত হয়েছেন কানাইঘাট প্রেসক্লাবের সভাপতি রোটারিয়ান শাহজাহান সেলিম বুলবুল ও সেক্রেটারি রোটারিয়ান মো. দেলোয়ার হোসেন এবং ট্রেজারার রোটারিয়ান মো. জৈন উদ্দিন।

রবিবার (২১ মার্চ) বোর্ডের ৮তম সভায় এই কমিটির অনুমোদন করা হয়।

ভায় সভাপতিত্ব করেন রোটারি ক্লাব অব সিলেট গ্রিণ সিটির প্রেসিডেন্ট রোটারিয়ান মাহমুদ আলম এমপিএইচএফ।

সেক্রেটারি রোটারিয়ান মো. অলি আহমেদ পিএইচএফ’র পরিচালনায় সভায় উপস্থিত ছিলেন- ডিস্ট্রিক্ট-৩২৮২ বাংলাদেশের এ্যাসিসস্টেন্ট গভর্ণর রোটারিয়ান পিপি মো. আনোয়ার হোসেন পিএইচএফ, স্পেশাল কো-অর্ডিনেটর সিপি রোটারিয়ান মো. ইয়াহিয়া আহমদ পিএইচএফ, এ্যাসিসটেন্ট ডিষ্ট্রিক সেক্রেটারী পিপি রোটারিয়ান মো. কবিরুল ইসলাম পিএইচএফ, জোনাল জয়েন্ট সেক্রেটারী আইপিপি মো. আব্দুর রশিদ পিএইচএফ, ডিষ্ট্রিক্ট ডেঙ্গু নিয়ন্ত্রণ ও জনসচেতনতা কমিটির কো-চেয়ার ক্লাবের ভাইস প্রেসিডেন্ট রোটারিয়ান শাহজাহান সেলিম বুলবুল, ইউথ ডেভেলাপমেন্ট কমিটির কো-চেয়ার রোটারিয়ান মো. আলমগীর হোসেন, ক্লাবের ভাইস প্রেসিডেন্ট রোটারিয়ান তোফাজ্জল হোসেন কিবরিয়া, ট্রেজারার রোটারিয়ান মো. দেলোয়ার হোসেন, সার্জেন্ট এট আর্মস রোটারিয়ান মো. জায়েদ আহমদ, রোটারিয়ান আব্দুল হান্নান জুয়েল, রোটারিয়ান মো. জৈন উদ্দিন প্রমুখ।

সভায় বক্তারা বলেন, মানুষের জীবনমান উন্নয়নের জন্য দূর্যোগময় সময়েও অসহায় মানুষের পাশে দাঁড়িয়েছেন রোটারিয়ানরা। বিশ্বের সর্ববৃহৎ স্বেচ্ছাসেবী সংগঠন রোটারি ইন্টারন্যাশনাল

প্রতিষ্ঠালগ্ন থেকে সারা বিশ্বে পোলিও নিরোধ সহ আর্ত মানবতার সেবায় কাজ করে যাচ্ছে। সমাজসেবা ও রাজনীতিসহ সকল ক্ষেত্রে সেবামূলক মন মানসিকতা নিয়ে সবাই কাজ করলে দেশ এগিয়ে যাবে। রোটারিয়ানরাও সরকারের পাশাপাশি দেশের মানুষের ভাগ্য উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন এবং দূর্নীতিমুক্ত দেশ গঠনে কাজ করছেন।

বক্তারা আরো বলেন, রোটারি ক্লাব অব সিলেট গ্রীন সিটি ২০২১-২২ রোটাবর্ষে নতুন কমিটির নেতৃত্বে ডিষ্ট্রিকের মধ্যে কার্যক্রম আরো গতিশীল হবে, আশাবাদ ব্যক্ত করে আগামী দিনেও রোটারিয়ানদের মানবতার কল্যানে কাজ করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।